**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 06.08.2024** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) বাংলাদেশের বর্তমান পরিস্থিতি নিয়ে সোশ্যাল মিডিয়ায় কোনোরকম প্ররোচনামূলক মন্তব্য বা পোস্ট করা থেকে বিরত থাকতে মুখ্যমন্ত্রী সকলের প্রতি আবেদন জানিয়েছেন। রাজ্য পুলিশের মহানির্দেশকের সঙ্গে বৈঠক করেছেন স্বরাষ্ট্র সচিব।

সেদেশের সঙ্গে সংযুক্ত বাংলার বিভিন্ন জেলার আন্তর্জাতিক সীমান্তে জারি করা হয়েছে উচ্চ সতর্কতা।

২) রাজ্যের বিভাজন না ঘটিয়ে সার্বিক উন্নয়ন অব্যাহত রাখতে রাজ্য বিধানসভায় গতকাল সরকার ও বিরোধী পক্ষ যৌথ প্রস্তাব গ্রহণ করেছে।

৩) পূর্ব মেদিনীপুরের দাদনপাত্রবার থেকে ১১২ মেগাওয়াটের সৌরবিদ্যুৎ প্রকল্প, পশ্চিম মেদিনীপুরের গড়বেতায় সরিয়ে নেওয়া হচ্ছে বলে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে।

৪) এসএসসি নিয়োগ দুনীতি মামলায় আজ সুপ্রিম কোর্টে শুনানি হতে পারে।

৫) যুবভারতী ক্রীড়াঙ্গনে ডুরান্ড কাপ ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং বেঙ্গালুরু এফসি-র বিরুদ্ধে খেলবে।

---

গণঅভ্যুত্থানে উত্তপ্ত বাংলাদেশের পরিস্থিতি নিয়ে সোশ্যাল মিডিয়ায় কোনোরকম প্ররোচনামূলক মন্তব্য বা পোস্ট করা থেকে বিরত থাকতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সকলের প্রতি আবেদন জানিয়েছেন। গতকাল বিধানসভা ভবনের বাইরে সাংবাদিকদের তিনি বলেন, পৃথক রাষ্ট্রের ব্যাপারে যা কিছু সিদ্ধান্ত নেওয়ার তা ভারত সরকার জানাবে। কেন্দ্র যেভাবে বলবে রাজ্য সেভাবেই চলবে।

(বাইট- মমতা)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, বাংলাদেশ থেকে আসা শরনার্থীদের আশ্রয় দেওয়ার আবেদন জানিয়েছেন। তিনি বলেন, এবিষয়ে কেন্দ্রের সঙ্গে আলোচনা করার জন্য রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীর কাছেও আবেদন জানানো হয়েছে। সংশোধিত নাগরিকত্ব আইন অনুযায়ী ধর্মীয় উৎপীড়নের কারণে কেউ শরণার্থী হয়ে এলে তাকে আশ্রয় দেওয়া যায় বলে তিনি মত প্রকাশ করেন।

অন্যদিকে, বাংলাদশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল পদত্যাগ করে দেশে ছাড়ার পর প্রতিবেশী দেশের অবস্থা এবং ভারতের নিরাপত্তা পরিস্থিতি পর্যালোচনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে নিরাপত্তা বিষয়ক ক্যাবিনেট কমিটির বৈঠক বসে। উপস্থিত ছিলেন বিদেশমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রী, প্রতিরক্ষা মন্ত্রী, অর্থমন্ত্রী এবং অন্যান্য শীর্ষ আধিকারিকরা।

একই সঙ্গে কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় ভাল্লাও সীমান্তবর্তী রাজ্যগুলির ডিজিদের সঙ্গে গত সন্ধ্যায় একটি বৈঠক করেন। উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ পুলিশের মহানির্দেশক রাজীব কুমারও। বৈঠকে সীমান্তবর্তী এলাকাগুলিতে বি এস এফ, রাজ্য পুলিশ ও শুল্ক বিভাগের আধিকারিকদের মধ্যে সমন্বয়

রেখে নিরপত্তা নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। এই উদ্বেগজনক পরিস্থিতিতে বাংলাদেশ থেকে অনুপ্রবেশের সম্ভাবনার প্রেক্ষিতে বিএসএফকে বিশেষ নজর রাখার কথা বলা হয়েছে।

এছাড়া সেদেশের উত্তেজনার প্রভাব যাতে রাজ্যগুলিতে না পড়ে, সে বিষয়েও বিস্তারিত আলোচনা হয় ওই বৈঠকে। এরপরই পুলিশের শীর্ষ কর্তারা সীমান্তবর্তী থানায় চলে গেছেন।

এদিকে, পড়শী দেশে উত্তেজনার প্রেক্ষিতে বাংলাদেশের সঙ্গে সীমানা ভাগ করে নেওয়া বিভিন্ন জেলায় উচ্চ সতর্কতা জারি করা হয়েছে। গতকালইই বিএসএফ-এর মহানির্দেশিক দলজিত সিং চৌধুরী, পূর্বাঞ্চলীয় সদর দপ্তরে উপস্থিত হন। উত্তর ২৪ পরগণা এবং সুন্দরবনের সীমান্ত লাগোয়া বেশ কিছু এলাকায় তিনি বাহিনী মোতায়েনের বিষয়টি পর্যালোচনা করেন।

উত্তর ২৪ পরগনার ঘোজাডাঙ্গা ভারত বাংলাদেশে সীমান্তের প্রধান গেট বন্ধ করে দেওয়া হয়েছে। বিভিন্ন জায়গায় চলছে বিএসএফের করা তল্লাশি। পেট্রাপোল-বেনাপোল সীমান্তে বাড়ানো হয়েছে বিএস এফ বাহিনী।

কোচবিহারের চ্যাংড়াবান্ধা, মালদহের মহদিপুর আন্তর্জাতিক সীমান্তেও কড়া নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। বন্ধ রয়েছে বানিজ্যিক লেনদেন।

দক্ষিণ দিনাজপুর জেলার হিলি সীমান্তে গতকাল জেলা পুলিশ সুপার চিন্ময় মিত্তাল ও ডিএসপি হেড কোয়ার্টার বিক্রম প্রসাদ পরিস্থিতি পর্যালোচনা করেন।

মুর্শিদাবাদের উন্মুক্ত সীমান্ততে কড়া নজরদারি চলছে। পদ্মা সহ অন্যান্য নদী সীমাতেও বিএসএফের টহলদারি চলছে। সমস্ত সীমা চৌকিতেই জারি করা হয়েছে উচ্চ সতর্কতা।

শিলিগুড়ি সংলগ্ন ফুলবাড়ির বাংলাবান্ধা সীমান্তে গতকাল বাংলাদেশের দিকে শুরু হয় জনরোষ। পরিস্থিতি বুঝে অতিরিক্ত বিএসএফ জওয়ান মোতায়েন করা হয়। পাশাপাশি ভারতীয় সেনাকেও প্রস্তুত রাখা হয়েছে।

নদীয়ার চাপড়া সহ সীমান্তবর্তা বিভিন্ন এলাকাতেও বাড়নো হয়েছে নজরদারি। জেলা থেকে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন।

ভয়েসকাস্ট

উল্লেখ্য বাংলদাশে অন্তর্বর্তী সরকার গঠন করা হবে বলে সেদেশের রাষ্ট্রপতি মহম্মদ সাহাবুদ্দীন জানিয়েছেন। আজ থেকেই দেশে সমস্ত সরকারি, আধা সরকারি এবং বেসরকারি দপ্তর, কল কারাখানা ও স্কুল কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয় সহ সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠান খুলে যাচ্ছে।

------------------------------

রাজ্যের বিভাজন না ঘটিয়ে সার্বিক উন্নয়ন অব্যাহত রাখতে রাজ্য বিধানসভায় গতকাল সরকার ও বিরোধী পক্ষ যৌথ প্রস্তাব গ্রহণ করেছে। সাম্প্রতিক ইতিহাসে এই প্রথম শাসক ও বিরোধী পক্ষ, যৌথ কোনো প্রস্তাব বিধানসভায় সর্বসম্মতি ক্রমে মান্যতা দিল। প্রস্তাবের উপর আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেন, রাজ্য সরকার বিভাজনে বিশ্বাসী নয়। তিনি অখন্ড পশ্চিমবঙ্গের উন্নয়ন চান। তাঁর সরকার যেমন উত্তরবঙ্গের জন্য ১ লক্ষ ৬৭ হাজার কোটি টাকা খরচ করেছে, তেমনই

পশ্চিমাঞ্চলের মাওবাদীদের সমাজের মূল স্রোতে ফিরিয়ে আনতেও যথাযথ উদ্যোগ নিয়েছে।

প্রস্তাবের বিপক্ষে বক্তব্য রাখতে গিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, এই রাজ্য থেকে নির্বাচিত সাংসদ, মন্ত্রী কখনও কেউ রাজ্য বিভাজনের কথা বলেননি। পাল্টা তিনি এক সংশোধনী দিয়ে অখন্ড পশ্চিমবঙ্গের উন্নয়নের স্বপক্ষে প্রস্তাব আনার জন্য আবেদন জানান। এরপরে মুখ্যমন্ত্রীর আবেদন মেনে প্রয়োজনীয় সংশোধনী গ্রহণ করা হয়। ভোটাভুটিতে সর্ব সম্মতিক্রমে তা ধ্বনি ভোটে গৃহীত হয় ঐ প্রস্তাব।

------------------------------

আকাশবাণী কলকাতার আঞ্চলিক সংবাদ বিভাগ, অস্থায়ী ভিত্তিতে বাংলায় এডিটর, সংবাদ পাঠক তথা অনুবাদক, রিপোর্টার এবং প্রযোজনায় সহায়তাকারী ব্রডকাস্ট অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে। প্রার্থীদের ঠিকানা হতে হবে কলকাতা ও তার কাছাকাছি এলাকায়। আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ১৯ শে আগস্ট। কিভাবে আবেদন করতে হবে এবং প্রার্থীদের যোগ্যতামান সংক্রান্ত বিস্তারিত তথ্যের পূর্ণাঙ্গ বিজ্ঞাপন পাওয়া যাবে আকাশবাণী সংবাদ কলকাতা ফেসবুক ও ইনস্টাগ্রাম এবং আকাশবাণী কলকাতা এক্স হ্যান্ডেল ও ওয়েবসাইটে। আকাশবাণী ভবনের মূল রিসেপশনে নোটিশ বোর্ডেও এই সংক্রান্ত বিজ্ঞাপন টাঙানো থাকবে।

------------------------------

পূর্ব মেদিনীপুরের দাদনপাত্রবার থেকে ১১২ মেগাওয়াটের সৌরবিদ্যুৎ প্রকল্প, পশ্চিম মেদিনীপুরের গড়বেতায় সরিয়ে নেওয়া হচ্ছে। গতকাল মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণের পর সরকার জানায়, যে এলাকাজুড়ে তাজপুর গভীর সমুদ্র বন্দর গড়ে

ওঠার কথা, তার মধ্যে এই প্রকল্পের জমিও ঢুকে যাচ্ছিল। সেই কারণেই সৌরবিদ্যুৎ প্রকল্পটিকে সরিয়ে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

উল্লেখ্য, এই সৌরবিদ্যুৎ প্রকল্প গড়ে তুলতে সাড়ে ৭০০ কোটি টাকা খরচ হবে। জার্মান সংস্থা কে এফ ডব্লু প্রজেক্ট থেকে পাওয়া যাবে ঋণ। পরিবেশ বান্ধব প্রকল্প গড়তে এই সংস্থা দেশকে সাহায্য করে তাকে।

------------------------------

রাজ্য মন্ত্রিসভা, ইঞ্জিনিয়ার, শিক্ষক, চিকিৎসক–সহ ১৫৪টি শূন্যপদ পূরণের সিদ্ধান্ত নিয়েছে। পুর ও নগরোন্নয়ন দপ্তর থেকে ইঞ্জিনিয়ারিং পদে ১২৫টি আসন পূরণের প্রস্তাব দেওয়া হয়েছিল। গতকাল বিধানসভায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নেতৃত্বে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সেই প্রস্তাব অনুমোদন করা হয়। কলকাতা পুরসভা এলাকায় রাস্তা সারাই, জমা জল নিষ্কাশন–সহ বিভিন্ন পরিষেবা আরও উন্নত করার লক্ষ্যেই এই সিদ্ধান্ত।

পাশাপাশি বাঁকুড়া, বীরভূম ও মুর্শিদাবাদ জেলার তিনটি হাই মাদ্রাসাকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নিত করা হয়েছে। এজন্য  শিক্ষক অশিক্ষক কর্মী মিলিয়ে ১৫ জনকে নিয়োগ করা হবে।

ঝাড়গ্রামের সাঁকরাইলে ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটির মানোন্নয়নে চিকিৎসক–সহ বিভিন্ন ক্ষেত্রে ১৪ জনের নিয়োগের ব্যাপারেও মন্ত্রিসভা ছাড়পত্র দিয়েছে।

------------------------------

এসএসসি নিয়োগ দুনীতি মামলায় আজ সুপ্রিম কোর্টে শুনানি হওয়ার কথা। ইতোমধ্যেই স্কুল সার্ভিস কমিশন এবং মধ্য শিক্ষা পর্ষদ আলাদা আলাদা ভাবে তাদের

বক্তব্য হলফনামা আকারে জমা দিয়েছে। এসএসসি-র নবম থেকে দ্বাদশ শ্রেণীর শিক্ষক এবং গ্রুপ সি ও গ্রুপ ডি পদে শিক্ষা কর্মী নিয়োগ মামলায় প্রায় ২৬ হাজার চাকরী বাতিল করেছিল কলকাতা হাইকোর্ট। সেই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ্ হয় রাজ্য সরকার এবং এসএসসি।

-----------------------------

পশ্চিমবঙ্গের উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ এই বছর প্রথম উচ্চমাধ্যমিকে সেমিস্টার সিস্টেম চালু করেছে। একাদশ শ্রেণির প্রথম সেমিস্টারে পরীক্ষা শুরু হচ্ছে আগামী ১৩ সেপ্টেম্বর। গতকাল সংসদের পক্ষ থেকে এই পরীক্ষার ও এম আর সিটের নমুনা এবং নির্দেশিকা প্রকাশ করা হয়।

এদিকে, প্রথম সেমেস্টারের ও এম আর সিটে পরীক্ষা গ্রহণ ও নির্দেশিকা প্রকাশ নিয়ে শিক্ষক মহলে তীব্র প্রতিক্রিয়া পাওয়া গেছে। মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি (এসটিইএ)'র সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ অভিযোগ করে বলেন, উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ নিজেই এখনো তাদের প্রকাশিত সব বই যথাসময়ে ছাত্র ছাত্রীদের হাতে তুলে দিতে পারে নি। জুন মাসের ১০ তারিখ একাদশ শ্রেণির ক্লাস শুরু হয়েছে। এর ফলে ছাত্র-ছাত্রীরা নতুন ব্যবস্থাপনায় ভালো করে পড়াশোনার সুযোগও পায়নি বলে তাঁর অভিযোগ।

All Post Graduate Teachers' Welfare Association এর সম্পাদক চন্দন গড়াই বলেন, উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের তরফে মডেল OMR Sheet প্রকাশ করা হলো, তবে বিষয়গুলির জন্য মডেল প্রশ্ন প্রকাশ করা দরকার ছিল।

শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক বলেন, কাউন্সিল এই গাইডলাইন দেওয়ায় সুবিধা হলো।

------------------------------

কলকাতার উল্টোডাঙ্গা থানা এলাকায় ক্যানেল সার্কুলার রোডে আজ ভোরে প্লাইউডের একটি কারখানায় আগুন লাগে। ক্রমে তা পাশের গুদামে ছড়িয়ে পড়ে। দমকলের ৮ টি গাড়ি আগুন নেভানোর কাজ চালাচ্ছে। এখনও পর্যন্ত হতাহতের কোনো খবর নেই বলে আমাদের প্রতিনিধি শিপ্রা সেন সাহা জানিয়েছেন।

------------------------------

ডুরান্ড কাপ ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং বেঙ্গালুরু এফসি-র বিরুদ্ধে খেলবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। মহামেডান প্রথম ম্যাচে ইন্টার কাশির বিরুদ্ধে কোনোমতে হার বাঁচায়। শেষ আটে যাওয়ার জন্য আজকের খেলা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

------------------------------ ------------------------------